



ISO 9001:2015 Certified

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর
পোস্ট কোড নং-৬৪০০।

ফোন নং : পিএবিএক্স ০৭৭১-৬৬৯৫৮
সরাসরি -৬৬৮৭৫
E-Mail- natorepbs1@gmail.com
Web Address: www.pbs1.natore.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫৫১.০৯.০৫৩.২০২১. ৪৬৪৬

তারিখঃ

০৮ আশ্বিন, ১৪২৮ বঃ।
২৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ।


“মিনি ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি”

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিনি ঠিকাদার হিসেবে স্বল্প দৈর্ঘ্যের বৈদ্যুতিক লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও আপগ্রেডেশন কাজের প্রাথমিক তালিকাভুক্তির জন্য বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজে ক,খ ও গ শ্রেণীর লাইসেন্সধারী (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সী বোর্ড কর্তৃক প্রদত্ত) আগ্রহী বাংলাদেশের যে কোন নাগরিক/ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হয়েছে। অত্র পর্বিসে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ৩৭টি মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রাথমিক তালিকাভুক্তি করা হবে। আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :


- ০১। সিনিয়র জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা (অফেরৎযোগ্য) জমা প্রদান সাপেক্ষে প্রাথমিক তালিকাভুক্তির নির্ধারিত ফরমে আগামী খ্রি: তারিখ ০৩/১০/২০২১ হতে ১৬/১০/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ক্যাশ শাখা হতে গ্রহণ করা যাবে।
- ক) নির্ধারিত ফরমে বাপবিবো ফরম নং- ১০০-৫২-০১ (ভার্সন-১) এর মাধ্যমে মিনি ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে প্রাথমিকতালিকাভুক্তির আবেদন।
- খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ অথবা আয়কর রিটার্ন জমা দানের রশিদে পরিসম্পদের মোট পরিমাণ উল্লেখ থাকতে হবে (সত্যায়িত ফটোকপি)।
- গ) এবিসি লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।
- ঘ) সুপারভাইজারী লাইসেন্স (এবিসি) এর সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।
- ঙ) বাপবিবোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত ০১জন সুপারভাইজার ও প্রশিক্ষণ প্রাপ্ত ০১জন লাইনম্যান এর সনদ এর সত্যায়িত ফটোকপি (প্রাথমিক তালিকাভুক্তির জন্য প্রশিক্ষণ প্রাপ্ত বাধ্যতামূলক নহে)।
- চ) বৈদ্যুতিক কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা।
- ছ) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (একটি কার্যদেশে ৫ লক্ষ টাকার কাজ করার ক্ষমতা)।
- জ) স্বত্বাধিকারীর (ছবি সহ জীবন বৃত্তান্ত) যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।
- ঝ) জনবলের তালিকা ও প্রত্যেকের যোগ্যতা এবং অভিজ্ঞতার ছবিসহ বায়োডাটা।
- ঞ) যানবাহনের তালিকা (যান্ত্রিক যানবাহনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন সনদ নম্বর/ব্লু-বুক এর সত্যায়িত ফটোকপি)।
- ট) বর্তমানে চলমান কাজের নাম (যদি থাকে)।
- ঠ) কোন রকম তদবির/সুপারিশকৃত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন বা সকল প্রকার আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করণের ক্ষমতা সংরক্ষিত থাকবে।

আবেদন পত্র আগামী ১৭/১০/২০২১খ্রি: তারিখ বিকাল ২:০০ ঘটিকার মধ্যে নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ফুলবাগান, নাটোর অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।


(মোঃ সোহরাব হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি : (সদয় অবগতির জন্য)

- ০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ করা হলো)।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নাটোর।
- ০৫। একান্ত সচিব, সদস্য (ডিএন্ডও), বাপবিবো, ঢাকা।
- ০৬। নোটিশ বোর্ড, নাটোর পর্বিস-১।


(মোঃ সোহরাব হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

০১